The Daily Star

# Printing and publishing sector in dire straits

Mahmudul Hasan

In early March, Md Yousuf, proprietor of Srabon Printing Press in the capital's Gopibagh area, thought business would return to normal the following month after a prolonged downturn marked by low work orders.

However, till date, his business remains in a nosedive.

Yousuf owns a small printer machine with a capacity to churn out 50,000 books monthly. Recently though, he printed only 5,000 to 7,000 books for each of the last four months.

"Three-fourths of my business has been lost due to the coronavirus," Yousuf told The Daily Star yesterday.

However, this is not to say that the ongoing pandemic has only affected small-scale companies as the coronavirus fallout did not even spare large operations like City Art Press.

Founded in 1984, City Art printed over 60 lakh textbooks last year.

"This year has been the worst year for my business since its inception," said Tofayel Khan, managing director of City Art.

Khan pointed out two reasons behind the industry's current situation.

First is the pandemic, which has eaten away at his packaging orders from apparel and personal care manufacturers among other industries.

The other reason, according to Khan, is bidding for textbook printing is now at an unprecedentedly low price.

"Some people are winning bids by offering far lower price than the market rates. This creates monopolies in the industry," he said, adding that many printing presses may go bankrupt as a result, leading to lower grade textbooks in circulation.

Khan also said that orders to print diaries and calendars dwindled this year.

At the beginning of the year, local printing houses delivered more than 35 crore textbooks to the government for distribution.

The printing sector, comprised of more than 7,000 presses, has witnessed massive growth in the last decade thanks to the government's free book distribution initiative.

The collective industry currently has the capacity to print 100 crore books annually.

On the other hand, business for Orchid Printers, a major player and one of the oldest surviving firms in the sector, was less affected by the virus due to the firm's strong foothold in packaging.

"I have big clients like British American Tobacco Bangladesh, the UNDP and Unilever for packing. So, only 15 per cent of my business was affected by the pandemic," said Hasina Newaaz, managing director of Orchid Printers.

However, most other presses, especially the small and medium ones, have felt adverse impacts brought on by the novel coronavirus.

READ MORE ON B3

FROM PAGE B4

Against this backdrop, the Dhaka Chamber of Commerce and Industry (DCCI) yesterday organised a webinar styled, 'Covid -19 Outbreak & Bangladesh's Publishing Industry: Crisis & Way Forward'.

Various stakeholders of the sector participated in the discussion, moderated by DCCI President Shams Mahmud.

"Due to the Covid-19 crisis, the sector lost business worth about Tk 4,000 crore out of the total Tk 12,000 crore turnover from the industry," said Shahid Serniabad, president of the Printing Industries Association of Bangladesh.

Although only 35 crore academic books published by local printers were delivered to students in early January, the country's printing sector is more than capable of printing 100 crore academic books yearly, he said, adding that around 5 lakh people directly depend on the industry for their livelihoods.

Serniabad also sought government support for micro entrepreneurs in the sector so that they can get loans under the previously announced stimulus packages.

Farid Ahmed, president of the Academic and Creative Publishers Association of Bangladesh, said that to recoup losses made by the printing and publishing sector amid the coronavirus crisis, the authorities need to first conduct comprehensive research to find out the actual losses to the sector.

"A long-term policy framework is needed to make the sector sustainable," he added.

Md Shafiqul Islam Bhorosha, president of the Bangladesh Paper Importers Association, said market demand has declined to such an extent that about 70 per cent sales have been lost to the deadly pathogen.

"Cash flow is a big problem now. We need to identify different sub-sectoral losses caused by the pandemic," said DCCI President Mahmud.

He also said the government did a great job by announcing a Tk 20,000 crore stimulus package for small and medium enterprises (SMEs).

However, micro enterprises that do not have regular dealings with banks are being deprived of loans under the stimulus package, he added.

Regarding the printing and publishing industry, Mahmud suggested forming updated policy frameworks, reforming duty structures, technology adaptation, enhancing training facilities and easy access to finance.

MA Momen, former president of the DCCI, said printing and publishing is a challenging business. However, Bangladesh's capacity in the sector is increasing day by day.

He urged the government to take measures to safeguard the import substitute manufacturers.

Mohammad Abdul Kader Khan, president of the Bangladesh Garments Accessories and Packaging Manufacturers and Exporters Association, said very few MSMEs in the sectors received loans from the stimulus package.

Khan also called upon the government to slash duties on the import of raw materials in the printing and publishing sector.

Mohammad Bashiruddin, DCCI vice president; Rafiqul Islam Azad, president of the Dhaka Reporters Unity; Shamol Paul, president of Bangladesh Pustok Prokashak O Bikreta Samity; Bashar Patwary, president of Bangladesh Local Carton Manufacturers Association, also spoke at the event.

NEW AGE
THE OUTSPOKEN DAILY

COVID-19 OUTBREAK

# Printing, publishing sector loses Tk 4,000cr: businesses

**Staff Correspondent**

THE printing and publishing industry had incurred losses worth Tk 4,000 crore in the COVID-19 fallout during the last three months after the government announced a general holiday on March 29 on detection of the first coronavirus case in the country on March 8, investors claimed.

At a webinar on 'Covid-19 outbreak and Bangladesh's publishing industry: crisis and way forward', they also sought the government's support, particularly ensuring of proper disbursement of the stimulus package, for survival of the sector.

The Dhaka Chamber of Commerce and Industry organised the webinar which was moderated by its president Shams Mahmud.

Printing Industries Association of Bangladesh president Shahid Serniabat said that the printing and publishing sector had lost Tk 4,000 crore of its annual Tk 12 crore business this year due to the coronavirus outbreak.

He sought the government's support so that micro entrepreneurs in this sector could easily avail loans under the announced stimulus.

DCCI president Shams Mahmud said that the government had announced a Tk 20,000-crore stimulus for small and medium enterprise but micro, small and medium enterprises who did not have regular dealings with banks were being deprived of the loan facility under the package.

Disbursement from the package has not reached the expected level, he said, adding that the bottlenecks

*Continued on Page 11 Col. 1*

*Continued from page 10*

should be identified to ensure proper disbursement of loans to the MSMEs.

Regarding the printing and publishing industry, he suggested an updated policy framework, reforming the duty structure, technology adaptation, enhancement of training facility and easy access to finance.

Former DCCI president MA Momen said that printing and publishing businesses had been seriously affected by the COVID19 pandemic.

The sector which used to have an annual turnover of Tk 12,000 crore is now in a dire state due to the coronavirus outbreak, he said.

The main challenge now is to survive, he said, urging the government to take measures to safeguard the import substitute manufacturers.

He also called upon for a change in the mindset of banks.

Academic and Creative Publishers Association of Bangladesh president Farid Ahmed stressed the need for carrying out a comprehensive research to find out the actual loss incurred by the sector due to the outbreak.

Moreover, a long-term policy framework is needed to make the sector sustainable, he said.

Bangladesh Paper Importers Association president Md Shafiqul Islam Bhorosha said that sales in the sector had dropped by 70 per due to the COVID-19 situation.

Bangladesh Garments Accessories and Packaging Manufacturers and Exporters Association president Md Abdul Kader Khan said that very few MSMEs in these sectors had been able to get loans from the stimulus.

Chottogram Paper and Cellophane Association secretary general Mohammad Belal sought proper policy measures to keep the sector breathing.

The New Nation
Independent Daily

# DCCI seeks govt support for printing and publishing sector

**Business Desk**

The Dhaka Chamber of Commerce and Industry (DCCI) has sought the government's support for survival of printing and publishing sector as the sector incurred a loss of Tk 40 billion (4,000 crore) due to Covid-19.

DCCI organised a webinar on "Covid - 19 Outbreak & Bangladesh's Publishing Industry: Crisis & Way Forward" on Thursday.

Stakeholders of this sector participated in the discussion. DCCI President Shams Mahmud moderated the discussion. MA Momen, former President of DCCI, joined the webinar as guest of honour.

Shams Mahmud, President of DCCI, said cash flow in businesses is a big problem now.

It is very needed to identify different sub-sectoral losses caused due to covid pandemic, he insists.

The DCCI president also said that government has done a great job by announcing a stimulus package of 20 thousand crore taka for SMEs. But the MSMEs who have not regular dealings with the banks are being deprived of that loan facility under stimulus.

MA Momen, former President of DCCI, said printing and publishing business is a challenging business.

Bangladesh's capacity in printing and publishing sector is increasing day by day, he said.

But the sector is seriously affected by covid 19 pandemic. Some 12,000 crore taka turn over in this sector is now in dire state, he mentioned. The main challenge is now to survive, he said.

Mr Momen also urged the government to take measures to safeguard the import substitute manufacturers.

Mohammad Bashiruddin, Vice President of DCCI, said due to closure of educational institutions, normal demand of printing materials have declined drastically. In this situation, incentive is needed for the survival of micro entrepreneurs.

Farid Ahmed, President, Academic and Creative publishers Association of Bangladesh said, to recover the printing and publishing sector out of covid 19 crisis, it is needed to conduct a comprehensive research to find out the actual loss in this sector occurred due to Covid 19.

Shahid Serniabad, President of Printing Industries Association of Bangladesh, said about 35 crore academic books published by the local printers were delivered to the students by early January. But the printing sector of Bangladesh is well capable of printing 100 crores of academic books in a year.

দৈনিক ইত্তেফাক
প্রতিষ্ঠাতা তফাজ্জল হোসেন মানিক মিয়া

# দেশের মুদ্রণ ও প্রকাশনাশিল্পে ৪ হাজার কোটি টাকার ক্ষতি

## ঢাকা চেম্বারের আলোচনায় বক্তারা

■ **ইত্তেফাক রিপোর্ট**

দেশের প্রায় ৫ লক্ষাধিক মানুষ সরাসরিভাবে জীবিকা নির্বাহে মুদ্রণ খাতের ওপর নির্ভরশীল। বাংলাদেশে এই খাতের বাজারের আকার প্রায় ১২ হাজার কোটি টাকা। কোভিড-১৯ মহামারির সময়কালে প্রায় ৪ হাজার কোটি টাকার বাজার ক্ষতিগ্রস্ত হয়েছে। ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) আয়োজিত 'কোভিড-১৯ মহামারির কারণে বাংলাদেশের মুদ্রণ ও প্রকাশনাশিল্পের সংকট ও প্রতিকার নির্ধারণ' শীর্ষক ওয়েবিনারে এ তথ্য জানান বাংলাদেশ মুদ্রণ শিল্প সমিতির চেয়ারম্যান শহীদ সেরনিয়াবাত। ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তাদের টিকে থাকার জন্য সরকারি প্রণোদনার আহ্বান জানান তিনি। আলোচনায় ঢাকা চেম্বারের সাবেক সভাপতি এম এ মোমেন সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। অনুষ্ঠানের স্বাগত বক্তব্যে ডিসিসিআই সভাপতি শামস মাহমুদ বলেন, সরকার ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তাদের জন্য ২০ হাজার কোটি টাকার একটি প্রণোদনা প্যাকেজ ঘোষণা করেছে। কিন্তু উল্লেখযোগ্য উদ্যোক্তা এই সুবিধা পাচ্ছে না। বর্তমান অবস্থা উত্তরণে তিনি ব্যাংকগুলোকে সহযোগিতার মনোভাব নিয়ে এগিয়ে আসার আহ্বান জানান। তিনি বলেন, দীর্ঘদিন ধরেই দেশের মুদ্রণ ও প্রকাশনা শিল্প, বিশেষ করে আমাদের এসএমই খাতে গুরুত্বপূর্ণ অবদান রেখে আসছে এবং এ খাতের সার্বিক উন্নয়নে তিনি সরকারের নীতিসহায়তা, দক্ষ জনবল তৈরিতে প্রশিক্ষণ প্রদান, শুল্ক কাঠামোর সংস্কার, আধুনিক যন্ত্রপাতির ব্যবহার বাড়ানো এবং আর্থিক সহায়তা নিশ্চিতকরণের ওপর জোরারোপ করেন।

ঢাকা চেম্বারের সাবেক সভাপতি এম এ মোমেন বলেন, কোভিড-১৯ মহামারির কারণে মুদ্রণ শিল্প মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে। অনেকের ব্যবসা হুমকির মুখে পড়েছে। এ শিল্পের স্থানীয় উদ্যোক্তা ও উৎপাদনকারীদের বাঁচিয়ে রাখতে তিনি তাদের আর্থিক এবং নীতি-সহায়তার আহ্বান জানান। ওয়েবিনারে নির্ধারিত আলোচনায় মুদ্রণ ও প্রকাশনা শিল্প-সংশ্লিষ্ট উদ্যোক্তারা অংশ নেন। বাংলাদেশ পেপার ইম্পোর্টার্স অ্যাসোসিয়েশনের সভাপতি মো. শফিকুল ইসলাম ভরসা বলেন, কোভিড-১৯ মহামারির কারণে এ খাতের উৎপাদিত পণ্যের বিক্রি ৭০ শতাংশ কমে গেছে। বর্তমান অবস্থা উত্তরণে প্রণোদনা প্যাকেজের সুষম বণ্টনের প্রস্তাব করেন। বাংলাদেশ গার্মেন্টস এক্সেসোরিজ অ্যান্ড প্যাকেজিং ম্যানুফ্যাকচারার্স অ্যান্ড এক্সপোর্টার্স অ্যাসোসিয়েশন (বিজিএপিএমইএ)-এর সভাপতি মো. আব্দুল কাদের খান বলেন, সরকার ঘোষিত প্রণোদনার প্যাকেজ হতে বিজিএমপিএমইর সদস্যবৃন্দের মধ্যে মাত্র এক জন ঋণসুবিধা পেয়েছেন। ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তাদের মধ্যে ঋণসহায়তা প্রাপ্তির সংখ্যা একেবারেই নগন্য। তিনি এ খাতের কাঁচা মাল আমদানির ওপর আরোপিত শুল্ক হার কমানোর দাবি জানান। চট্টগ্রাম কাগজ ও সেলোফোন অ্যাসোসিয়েশনের সেক্রেটারি জেনারেল মোহাম্মদ বেলাল বলেন, সামগ্রিকভাবে এ খাতের উন্নয়নে একটি সহায়ক নীতিমালা এখন সময়ের দাবি। ঢাকা চেম্বারের সহসভাপতি মোহাম্মদ বাশির উদ্দিন বলেন, বর্তমান পরিস্থিতিতে স্কুল, কলেজ, বিশ্ববিদ্যালয়সহ অন্য সব প্রতিষ্ঠানের কার্যক্রম বন্ধ থাকায় মুদ্রণ শিল্পের উৎপাদিত পণ্যের চাহিদা মাত্রাতিরিক্তভাবে হ্রাস পেয়েছে, এমতাবস্থায় এ শিল্পের উদ্যোক্তাদের বেঁচে থাকার জন্য সরকারের আর্থিক প্রণোদনা একান্ত জরুরি। তিনি এ শিল্পের অসম শুল্ক কাঠামোর সংস্কার, ডিউটি ড্র-ব্যাক পদ্ধতির জটিলতা নিরসন এবং দক্ষ জনশক্তি তৈরিতে সুনির্দিষ্ট পরিকল্পনা প্রণয়নের আহ্বান জানান।

বণিক বার্তা
সমৃদ্ধির সহযাত্রী

## ডিসিসিআইয়ের ওয়েবিনার

# মুদ্রণ ও প্রকাশনা শিল্পের অসম শুল্ক কাঠামোর সংস্কার দাবি

নিজস্ব প্রতিবেদক ■

নভেল করোনাভাইরাসে (কভিড-১৯) অন্যান্য খাতের মতো পর্যুদস্ত দেশের মুদ্রণ ও প্রকাশনা শিল্পও। সংশ্লিষ্টরা বলছেন, দেশের প্রায় পাঁচ লাখ মানুষ সরাসরিভাবে জীবিকা নির্বাহে এ খাতের ওপর নির্ভরশীল। প্রতি বছর খাতটিতে প্রায় ১২ হাজার কোটি টাকার টার্নওভার হয়ে থাকে। তবে মরণঘাতী ভাইরাসটির প্রভাবে এরই মধ্যে এ খাতে প্রায় ৪ হাজার কোটি টাকার বাজার ক্ষতিগ্রস্ত হয়েছে। এ অবস্থায় করোনা-পরবর্তী দেশের মুদ্রণ ও প্রকাশনা শিল্প টিকিয়ে রাখার স্বার্থে সরকারের পক্ষ থেকে এ খাতে বিশেষ আর্থিক প্রণোদনা একান্ত জরুরি। পাশাপাশি এ শিল্পের অসম শুল্ক কাঠামোর সংস্কার, ডিউটি ড্র-ব্যাক পদ্ধতির জটিলতা নিরসন এবং দক্ষ জনশক্তি তৈরিতে সুনির্দিষ্ট পরিকল্পনা প্রণয়নের আহ্বান জানানো হয়েছে। গতকাল ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) আয়োজিত 'কভিড-১৯ মহামারীর কারণে বাংলাদেশের মুদ্রণ ও প্রকাশনা শিল্পের সংকট ও প্রতিকার নির্ধারণ' শীর্ষক এক ওয়েবিনারে এসব কথা বলেন বক্তারা।

ডিসিসিআইয়ের সভাপতি শামস মাহমুদের সঞ্চালনায় পরিচালিত এ ওয়েবিনারে নির্ধারিত আলোচনায় বাংলাদেশ জ্ঞান ও সৃজনশীল প্রকাশক সমিতির সভাপতি ফরিদ আহমেদ, বাংলাদেশ মুদ্রণ শিল্প সমিতির চেয়ারম্যান শহীদ সেরনিয়াবাত, বাংলাদেশ পেপার ইম্পোর্টার্স অ্যাসোসিয়েশনের সভাপতি মো. শফিকুল ইসলাম ভরসা, হাসেম পেপার মিলস লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক আজমল হোসেন, ঢাকা রিপোর্টার্স ইউনিটির (ডিআরইউ) সভাপতি রফিকুল ইসলাম আজাদ, বাংলাদেশ গার্মেন্টস অ্যাকসেসরিজ অ্যান্ড প্যাকেজিং ম্যানুফ্যাকচারার্স অ্যান্ড এক্সপোর্টার্স অ্যাসোসিয়েশনের (বিজিএপিএমইএ) সভাপতি মো. আব্দুল কাদের খান, বাংলাদেশ পুস্তক প্রকাশক ও বিক্রেতা সমিতির সহসভাপতি শ্যামল পাল, বাংলাদেশ লোকাল কার্টন ম্যানুফ্যাকচারার্স অ্যাসোসিয়েশনের সভাপতি মো. বাশার পাটোয়ারী এবং চট্টগ্রাম কাগজ ও সেলোফেন অ্যাসোসিয়েশনের সেক্রেটারি জেনারেল মোহাম্মদ বেলাল প্রমুখ যোগদান করেন।




অনুষ্ঠানের স্বাগত বক্তব্যে ডিসিসিআই সভাপতি শামস মাহমুদ বলেন, কভিড-১৯ মহামারীর কারণে ব্যবসায়িক কর্মকাণ্ড পরিচালনায় অর্থপ্রবাহ নিশ্চিত করাই এখন উদ্যোক্তাদের জন্য বড় চ্যালেঞ্জ। যদিও এ মহামারী সংকট শুরু হওয়ার পর পরই সরকার তা মোকাবেলায় ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তাদের জন্য ২০ হাজার কোটি টাকার একটি প্রণোদনার প্যাকেজ ঘোষণা করেছে। তবে ঘোষিত এ প্যাকেজ হতে ঋণ সুবিধা পাওয়া উদ্যোক্তাদের সংখ্যা তেমন উল্লেখযোগ্য নয়। এ অবস্থায় বর্তমান অবস্থা উত্তরণে তিনি ব্যাংকগুলোকে সহযোগিতার মনোভাব নিয়ে এগিয়ে আসার আহ্বান জানান।

ঢাকা চেম্বার সভাপতি বলেন, দীর্ঘদিন ধরেই দেশের মুদ্রণ ও প্রকাশনা শিল্প বিশেষ করে আমাদের এসএমই খাতে গুরুত্বপূর্ণ অবদান রেখে আসছে এবং এ খাতের সার্বিক উন্নয়নে তিনি সরকারের নীতিসহায়তা, দক্ষ জনবল তৈরিতে প্রশিক্ষণ প্রদান, শুল্ক কাঠামোর সংস্কার, আধুনিক যন্ত্রপাতির ব্যবহার বাড়ানো এবং আর্থিক সহায়তা নিশ্চিতকরণের ওপর জোরারোপ করেন। দেশের ব্যবসা-বাণিজ্যের অন্যান্য খাতের মধ্যে এ খাত খুবই চ্যালেঞ্জিং এবং প্রতিযোগিতাপূর্ণ উল্লেখ করে অনুষ্ঠানে ঢাকা চেম্বারের সাবেক সভাপতি এমএ মোমেন বলেন, এ খাতের উদ্যোক্তারা নিজেদের দক্ষতা উন্নয়ন এবং আধুনিক প্রযুক্তির ব্যবহার বাড়ানোর লক্ষ্যে প্রতিনিয়তই কাজ করে যাচ্ছেন।

বাংলাদেশ মুদ্রণ শিল্প সমিতির চেয়ারম্যান শহীদ সেরনিয়াবাত জানান, চলতি বছরের জানুয়ারিতেই স্থানীয় উদ্যোক্তারা প্রায় ৩৫ কোটি পাঠ্যপুস্তক মুদ্রণ করে সরকারের কাছে হস্তান্তর করেছে। তবে এ খাতের উদ্যোক্তাদের ১০০ কোটি পাঠ্যপুস্তক মুদ্রণের সক্ষমতা রয়েছে। এ অবস্থায় শিল্পের ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তাদের টিকে থাকার জন্য ঘোষিত প্রণোদনার প্যাকেজ হতে ঋণসহায়তা প্রাপ্তির বিষয়টি নিশ্চিতকরণের ওপর জোরারোপ করেন তিনি।

কভিড-১৯ মহামারীর কারণে এ খাতের উৎপাদিত পণ্যের বিক্রি ৭০ শতাংশ কমে গেছে বলে জানান বাংলাদেশ পেপার ইম্পোর্টার্স অ্যাসোসিয়েশনের সভাপতি মো. শফিকুল ইসলাম ভরসা। এ অবস্থা উত্তরণে প্রণোদনা প্যাকেজের সুষম বণ্টনের প্রস্তাব করেন তিনি।

ঢাকা রিপোর্টার্স ইউনিটির (ডিআরইউ) সভাপতি রফিকুল ইসলাম আজাদ জানান, দেশে অনুমোদিত ২৫৪টি সংবাদপত্রের মধ্যে মাত্র ৮৬টি বর্তমানে চালু রয়েছে। মুদ্রণ ও প্রকাশনা শিল্পে শুধু ঢাকাতেই প্রায় ৩ হাজার কোটি টাকার বাজার রয়েছে। এজন্য মুদ্রণ ও প্রকাশনা শিল্পের বিকাশের লক্ষ্যে এটিকে একটি শিল্প খাত হিসেবে ঘোষণার আহ্বান তিনি।

বাংলাদেশ গার্মেন্টস অ্যাকসেসরিজ অ্যান্ড প্যাকেজিং ম্যানুফ্যাকচারার্স অ্যান্ড এক্সপোর্টার্স অ্যাসোসিয়েশনের (বিজিএপিএমইএ) সভাপতি মো. আব্দুল কাদের খান বলেন, সরকার ঘোষিত প্রণোদনার প্যাকেজ হতে বিজিএপিএমইএ সদস্যদের মধ্যে মাত্র ১ জন ঋণ সুবিধা পেয়েছেন এবং ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তাদের মধ্যে ঋণসহায়তা প্রাপ্তির সংখ্যা একেবারেই নগণ্য। এ সময় তিনি এ খাতের কাঁচামাল আমদানির ওপর আরোপিত শুল্কহার কমানোর দাবি জানান।

প্রায় ২০ লাখ জনগোষ্ঠী প্রত্যক্ষ ও পরোক্ষভাবে আমাদের এ শিল্পের ওপর নির্ভরশীল উল্লেখ করে বাংলাদেশ পুস্তক প্রকাশক ও বিক্রেতা সমিতির সহসভাপতি শ্যামল পাল বলেন, শিক্ষাপ্রতিষ্ঠানগুলোয় অনলাইন শিক্ষা কার্যক্রম চালু হলেও মুদ্রিত বইয়ের চাহিদা কমার কোনো সম্ভাবনা নেই। এ শিল্পের উদ্যোক্তাদের ব্যাংকিং খাত প্রয়োজনীয় আর্থিক সহায়তা পাচ্ছেন এবং সরকারের উচিত বিষয়গুলোর প্রতি আরো মনোযোগ দেয়া।

বাংলাদেশ লোকাল কার্টন ম্যানুফ্যাকচারার্স অ্যাসোসিয়েশনের সভাপতি মো. বাশার পাটোয়ারী বলেন, কভিড-১৯ মহামারী হতে উত্তরণের জন্য সরকারের পাশাপাশি আমাদের সব শিল্প খাতের প্রতিনিধিদের মধ্যে আলোচনার মাধ্যমে একটি কার্যকর উপায় বের করতে হবে।

অনুষ্ঠানে অন্যদের মধ্যে ডিসিসিআই পরিচালক আলহাজ দ্বীন মোহাম্মদ, মো. শাহিদ হোসেন, সাবেক উর্ধ্বতন সহসভাপতি এমএস সেকিল চৌধুরী, আহ্বায়ক মো. আব্দুল হামিদ, সহআহ্বায়ক মো. শামীম ভূইয়্যা এবং মো. ইকরাম ঢালী এবং সদস্য এমএস সিদ্দিকী প্রমুখ মুক্ত আলোচনায় অংশগ্রহণ করেন।

সমকাল

# করোনায় মুদ্রণ শিল্পের ক্ষতি ৪ হাজার কোটি টাকা

■ সমকাল প্রতিবেদক

করোনা মহামারিতে মুদ্রণ ও প্রকাশনা শিল্পের প্রায় চার হাজার কোটি টাকার বাজার ক্ষতিগ্রস্ত হয়েছে। এমন পরিস্থিতিতে সরকারের আর্থিক ও নীতি সহায়তা চেয়েছেন উদ্যোক্তারা।

ঢাকা চেম্বারের 'কভিড-১৯ মহামারির কারণে বাংলাদেশের মুদ্রণ ও প্রকাশনা শিল্পের সংকট ও প্রতিকার নির্ধারণ' শীর্ষক এক ওয়েবনিয়ারে বৃহস্পতিবার এ দাবি জানানো হয়।

স্বাগত বক্তব্যে ঢাকা চেম্বারের সভাপতি শামস মাহমুদ সংকট উত্তরণে ব্যাংকগুলোকে প্রণোদনা প্যাকেজ থেকে ঋণ দিতে সহায়তার মনোভাব নিয়ে এগিয়ে আসার আহ্বান জানান। সম্মানিত অতিথির বক্তব্যে চেম্বারের সাবেক সভাপতি এম এ মোমেন বলেন, বছরে এ খাতে প্রায় ১২ হাজার কোটি টাকার টার্নওভার হলেও করোনায় ব্যবসা পরিচালনা হুমকির মুখে পড়েছে।

আরও বক্তব্য দেন বাংলাদেশ জ্ঞান ও সৃজনশীল প্রকাশক সমিতির সভাপতি ফরিদ আহমেদ, বাংলাদেশ মুদ্রণ শিল্প সমিতির চেয়ারম্যান শহীদ সেরনিয়াবাত, পেপার ইম্পোর্টার্স অ্যাসোসিয়েশনের সভাপতি শফিকুল ইসলাম ভরসা, হাসেম পেপার মিলসের এমডি আজমল হোসেন, বিজিএপিএমইএর সভাপতি আব্দুল কাদের খান, ডিআরইউর সভাপতি রফিকুল ইসলাম আজাদ, পুস্তক প্রকাশক ও বিক্রেতা সমিতির সহসভাপতি শ্যামল পাল প্রমুখ।

শেয়ার বিজ
The Daily Share Biz
সৃজনের পথে উন্নত স্বদেশ

ডিসিসিআই ওয়েবিনারে বক্তারা

# করোনায় মুদ্রণশিল্পে চার হাজার কোটি টাকার বাজার ক্ষতিগ্রস্ত হয়েছে

**নিজস্ব প্রতিবেদক**

ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) আয়োজিত 'কভিড-১৯ মহামারির কারণে বাংলাদেশের মুদ্রণ ও প্রকাশনা শিল্পের সংকট ও প্রতিকার নির্ধারণ' শীর্ষক ওয়েবিনার গতকাল অনুষ্ঠিত হয়।

সেমিনারে স্বাগত বক্তব্যে ডিসিসিআই সভাপতি শামস মাহমুদ বলেন, কভিড-১৯ মহামারির কারণে ব্যবসায়িক কর্মকাণ্ড পরিচালনায় অর্থপ্রবাহ নিশ্চিত করাই এখন উদ্যোক্তাদের জন্য বড় চ্যালেঞ্জ। তিনি বলেন, এ মহামারি সংকট শুরু হওয়ার পরপরই সরকার তা মোকাবিলায় ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তাদের জন্য ২০ হাজার কোটি টাকার একটি প্রণোদনার প্যাকেজ ঘোষণা করেছে, তবে ঘোষিত এ প্যাকেজ থেকে ঋণ সুবিধা পাওয়া উদ্যোক্তাদের সংখ্যা তেমন উল্লেখযোগ্য নয় এবং বর্তমান অবস্থা উত্তরণে তিনি ব্যাংকগুলোকে সহযোগিতার মনোভাব নিয়ে এগিয়ে আসার আহ্বান জানান।

চেম্বার সভাপতি বলেন, দীর্ঘদিন ধরেই দেশের মুদ্রণ ও প্রকাশনা শিল্প বিশেষ করে আমাদের এসএমই খাতে গুরুত্বপূর্ণ অবদান রেখে আসছে এবং এ খাতের সার্বিক উন্নয়নে তিনি সরকারের নীতিসহায়তা, দক্ষ জনবল তৈরিতে প্রশিক্ষণ প্রদান, শুল্ক কাঠামোর সংস্কার, আধুনিক যন্ত্রপাতির ব্যবহার বাড়ানো এবং আর্থিক সহায়তা নিশ্চিত করার ওপর জোরারোপ করেন।

ঢাকা চেম্বারের সাবেক সভাপতি এমএ মোমেন বলেন, ব্যবসা-বাণিজ্যের অন্যান্য খাতগুলোর মধ্যে এ খাতটি খুবই চ্যালেঞ্জিং ও প্রতিযোগিতাপূর্ণ। তিনি জানান, প্রতিবছর এ খাতে প্রায় ১২ হাজার কোটি টাকার টার্নওভার হয়ে থাকে, তবে কভিড-১৯ মহামারির কারণে এ খাতের উদ্যোক্তা মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে, যেখানে বর্তমানে উদ্যোক্তাদের ব্যবসায়িক কর্মকাণ্ড পরিচালনাই অনেকটা হুমকির মুখে পড়েছে।

তিনি বলেন, এটি একটি শ্রমঘন শিল্প হওয়ায় এর মাধ্যমে অনেক বেশি কর্মসংস্থানের সুযোগ তৈরি করা সম্ভব। তাই এ খাতের প্রয়োজনীয় পরিচর্যার কোনো বিকল্প নেই।

মুক্ত প্রাণের প্রতিধ্বনি
ভোরের কাগজ

# প্রণোদনার ঋণ সহায়তা চান প্রকাশনা শিল্পের উদ্যোক্তারা

কাগজ প্রতিবেদক : কোভিড-১৯ মহামারির কারণে প্রকাশনা শিল্পের উৎপাদিত পণ্যের বিক্রি ৭০ শতাংশ কমে গেছে। এ খাতের বার্ষিক প্রায় ১২ হাজার কোটি টাকার বাজারের মধ্যে প্রায় ৪ হাজার কোটি টাকার বাজার ক্ষতিগ্রস্ত হয়েছে। এ শিল্পের ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তাদের টিকে থাকার জন্য ঘোষিত প্রণোদনার প্যাকেজ থেকে ঋণ সহায়তা প্রাপ্তি নিশ্চিত করার আহ্বান জানিয়েছেন এ খাতের উদ্যোক্তারা।

গতকাল বৃহস্পতিবার ঢাকা চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) আয়োজিত 'কোভিড-১৯ মহামারির কারণে বাংলাদেশের মুদ্রণ ও প্রকাশনা শিল্পের সংকট ও প্রতিকার নির্ধারণ' শীর্ষক ওয়েবনার অনুষ্ঠিত হয়। এতে ঢাকা চেম্বারের সাবেক সভাপতি এম এ মোমেন সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানের স্বাগত বক্তব্যে ডিসিসিআই সভাপতি শামস মাহমুদ বলেন, কোভিড-১৯ মহামারির কারণে ব্যবসায়িক কর্মকাণ্ড পরিচালনায় অর্থপ্রবাহ নিশ্চিত করাই এখন উদ্যোক্তাদের জন্য বড় চ্যালেঞ্জ। এ মহামারি সংকট শুরু হওয়ার পরপরই সরকার তা মোকাবিলায় ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তাদের জন্য ২০ হাজার কোটি টাকার একটি প্রণোদনার প্যাকেজ ঘোষণা করেছে, তবে ঘোষিত এ প্যাকেজ থেকে ঋণ সুবিধা পাওয়া উদ্যোক্তাদের সংখ্যা তেমন উল্লেখযোগ্য নয় এবং বর্তমান অবস্থা উত্তরণে তিনি ব্যাংকসমূহকে সহযোগিতার মনোভাব নিয়ে এগিয়ে আসার আহ্বান জানান।

সম্মানিত অতিথির বক্তব্যে ঢাকা চেম্বারের প্রাক্তন সভাপতি এম এ মোমেন বলেন, প্রতি বছর এ খাতে প্রায় ১২ হাজার কোটি টাকার টার্ন ওভার হয়ে থাকে, তবে কোভিড-১৯ মহামারির কারণে এ খাতের উদ্যোক্তারা মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে, যেখানে বর্তমানে উদ্যোক্তাদের ব্যবসায়িক কর্মকাণ্ড পরিচালনাই অনেকটা হুমকির মুখে পড়েছে। এছাড়াও এ শিল্পের স্থানীয় উদ্যোক্তা ও উৎপাদনকারীদের বাঁচিয়ে রাখতে তিনি তাদের আর্থিক এবং নীতি সহায়তার আহ্বান জানান।

বাংলাদেশ জ্ঞান ও সৃজনশীল প্রকাশক সমিতির সভাপতি ফরিদ আহমেদ প্রকাশনা ও মুদ্রণ খাতে কোভিড-১৯ মহামারির প্রকৃতি ক্ষয়ক্ষতি নিরূপণে গবেষণা পরিচালনা করা এবং দীর্ঘমেয়াদি নীতি সহায়তা প্রদানের ওপর জোরারোপ করেন।

বাংলাদেশ মুদ্রণ শিল্প সমিতির চেয়ারম্যান শহীদ সেরনিয়াবাত জানান, চলতি বছরের জানুয়ারি মাসেই স্থানীয় উদ্যোক্তারা প্রায় ৩৫ কোটি পাঠ্যপুস্তক মুদ্রণ করে সরকারের কাছে হস্তান্তর করা হয়েছে, তবে এ খাতের উদ্যোক্তাদের ১০০ কোটি পাঠ্যপুস্তক মুদ্রণের সক্ষমতা রয়েছে।

বাংলাদেশ পেপার ইম্পোটার্স এসোসিয়েশনের সভাপতি শফিকুল ইসলাম ভরসা বলেন, কোভিড-১৯ মহামারির কারণে এখাতের উৎপাদিত পণ্যের বিক্রি ৭০ শতাংশ কমে গেছে এবং বর্তমান অবস্থা উত্তরণে প্রণোদনা প্যাকেজের সুষম বণ্টনের প্রস্তাব করেন।

বাংলাদেশ গার্মেন্টস এক্সসরিজ এন্ড প্যাকেজিং ম্যানুফ্যাকচারার্স এন্ড এক্সপোর্টার্স এসোসিয়েশনের (বিজিএপিএমইএ) সভাপতি আব্দুল কাদের খান বলেন, সরকার ঘোষিত প্রণোদনার প্যাকেজ থেকে বিজিএমপিএমইর সদস্যদের মধ্যে মাত্র ১ জন ঋণ সুবিধা পেয়েছেন এবং ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তাদের মধ্যে ঋণ সহায়তা প্রাপ্তির সংখ্যা একেবারেই নগণ্য।

দেশ রূপান্তর

### করোনায় মুদ্রণ ও প্রকাশনাশিল্পে ক্ষতি ৪ হাজার কোটি টাকা

# ঋণের নিশ্চয়তা চান ব্যবসায়ীরা

নিজস্ব প্রতিবেদক

করোনাভাইরাসের প্রাদুর্ভাবে দেশের মুদ্রণ ও প্রকাশনাশিল্পে এখন পর্যন্ত প্রায় ৪ হাজার কোটি টাকার ক্ষতি হয়েছে। সংকটে পড়া শ্রমঘন এ শিল্প খাত টিকিয়ে রাখতে সরকারের দীর্ঘমেয়াদি নীতি ও আর্থিক সহায়তা দিতে হবে। পাশাপাশি ঘোষিত প্রণোদনার প্যাকেজ থেকে ঋণসহায়তা প্রাপ্তির নিশ্চয়তা চান এই খাতের ব্যবসায়ীরা।

গতকাল বৃহস্পতিবার ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) আয়োজিত 'কভিড-১৯ মহামারীর কারণে বাংলাদেশের মুদ্রণ ও প্রকাশনাশিল্পের সংকট ও প্রতিকার নির্ধারণ' শীর্ষক ওয়েবনারে এসব কথা বলেন ব্যবসায়ী ও খাতসংশ্লিষ্টরা। ঢাকা চেম্বারের সাবেক সভাপতি এম এ মোমেন অনুষ্ঠানে সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

ডিসিসিআই সভাপতি শামস মাহমুদ বলেন, করোনা মহামারীর কারণে ব্যবসায়িক কর্মকাণ্ড পরিচালনায় অর্থ প্রবাহ নিশ্চিত করাই এখন উদ্যোক্তাদের বড় চ্যালেঞ্জ। এই মহামারী শুরুর পরপরই সরকার তা মোকাবিলায় ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তাদের জন্য ২০ হাজার কোটি টাকার একটি প্রণোদনা প্যাকেজ ঘোষণা করেছে। তবে ঘোষিত এই প্যাকেজ থেকে ঋণসুবিধা পাওয়া উদ্যোক্তাদের সংখ্যা তেমন উল্লেখযোগ্য নয়। বর্তমান অবস্থা উত্তরণে তিনি ব্যাংকগুলোকে সহযোগিতার মনোভাব নিয়ে এগিয়ে আসার আহ্বান জানান। দীর্ঘদিন ধরেই দেশের মুদ্রণ ও প্রকাশনাশিল্প, বিশেষ করে এসএমই খাত গুরুত্বপূর্ণ অবদান রেখে আসছে জানিয়ে ঢাকা চেম্বারের সভাপতি বলেন, এ খাতের সার্বিক উন্নয়নে সরকারের নীতি সহায়তা, দক্ষ জনবল তৈরিতে প্রশিক্ষণ প্রদান, শুল্ককাঠামোর সংস্কার, আধুনিক যন্ত্রপাতির ব্যবহার বাড়ানো এবং আর্থিক সহায়তা নিশ্চিত করা জরুরি।

ঢাকা চেম্বারের সাবেক সভাপতি এম এ মোমেন বলেন, ব্যবসা-বাণিজ্যের অন্যান্য খাতের মধ্যে এ খাতটি খুবই চ্যালেঞ্জিং এবং প্রতিযোগিতাপূর্ণ। প্রতি বছর এ খাতে প্রায় ১২ হাজার কোটি টাকার টার্নওভার হয়ে থাকে, তবে করোনার কারণে এ খাতের উদ্যোক্তারা মারাত্মক ক্ষতিগ্রস্ত হয়েছেন, যেখানে বর্তমানে উদ্যোক্তাদের ব্যবসায়িক কর্মকাণ্ড পরিচালনাই অনেকটা হুমকির মুখে পড়েছে। বর্তমান অবস্থা মোকাবিলায় সরকার ঘোষিত প্রণোদনার প্যাকেজ থেকে উদ্যোক্তাদের ঋণ সুবিধা প্রাপ্তির বিষয়টি নিশ্চিতের দাবি জানান তিনি।

**৭০ শতাংশ বিক্রি কমে গেছে**

**সরকারের কাছে নীতিসহায়তা চান ব্যবসায়ীরা**

মুদ্রণশিল্প সমিতির চেয়ারম্যান শহীদ সেরনিয়াবাত জানান, চলতি বছরের জানুয়ারিতেই স্থানীয়ভাবে প্রায় ৩৫ কোটি পাঠ্যপুস্তক মুদ্রণ করে সরকারের কাছে হস্তান্তর করা হয়েছে। তবে এ খাতের উদ্যোক্তাদের ১০০ কোটি পাঠ্যপুস্তক মুদ্রণের সক্ষমতা রয়েছে।

তিনি আরও জানান, প্রায় ৫ লাখ মানুষ সরাসরি জীবিকা নির্বাহে মুদ্রণ খাতের ওপর নির্ভরশীল এবং করোনা প্রাদুর্ভাবের সময়ে এ খাতের মোট ১২ হাজার কোটি টাকার বাজারের মধ্যে ৪ হাজার কোটি টাকার বাজার ক্ষতিগ্রস্ত হয়েছে। এই শিল্পের ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তাদের টিকে থাকার জন্য ঘোষিত প্রণোদনার প্যাকেজ থেকে ঋণসহায়তা প্রাপ্তির বিষয়টি নিশ্চিতকরণের ওপর গুরুত্বারোপ করেন তিনি।

পেপার ইম্পোর্টার্স অ্যাসোসিয়েশনের সভাপতি শফিকুল ইসলাম ভরসা বলেন, করোনা মহামারীর কারণে এই খাতের উৎপাদিত পণ্যের বিক্রি ৭০ শতাংশ কমে গেছে এবং বর্তমান অবস্থা উত্তরণে প্রণোদনা প্যাকেজের সুষম বণ্টনের প্রস্তাব করেন।

ঢাকা চেম্বারের সহসভাপতি মোহাম্মদ বাশির উদ্দিন বলেন, বর্তমান পরিস্থিতিতে স্কুল, কলেজ, বিশ্ববিদ্যালয়সহ অন্য সব প্রতিষ্ঠানের কার্যক্রম বন্ধ থাকায় মুদ্রণশিল্পের উৎপাদিত পণ্যের চাহিদা মাত্রাতিরিক্তভাবে হ্রাস পেয়েছে। এ পরিস্থিতিতে এই শিল্পের উদ্যোক্তাদের বেঁচে থাকার জন্য সরকারের আর্থিক প্রণোদনা জরুরি।

যুগান্তর

## ঢাকা চেম্বারের সেমিনারে বক্তারা

# প্রকাশনা শিল্পে ক্ষতি ৪ হাজার কোটি টাকা

যুগান্তর রিপোর্ট

দেশের প্রকাশনা শিল্পে বছরে প্রায় ১২ হাজার কোটি টাকার বাজার রয়েছে। কিন্তু করোনার প্রভাবে গত চার মাস ধরে এ খাতে কোনো কাজ হয়নি বললেই চলে। এতে ক্ষতি হয়েছে প্রায় ৪ হাজার কোটি টাকা। অর্থ সংকটে খাতটি এখনও সচল হতে পারেনি। সরকার ঘোষিত প্রণোদনা থেকে এখন পর্যন্ত মাত্র একজন ঋণ পেয়েছেন। ফলে এ খাতের ওপর নির্ভরশীল প্রায় ২০ লাখ শ্রমিক-কর্মচারীর ভবিষ্যৎ অনিশ্চিত। এ খাতটিকে সচল করতে প্রণোদনা থেকে দ্রুত ঋণ ছাড় করার দাবি করেছেন উদ্যোক্তারা।

**প্রণোদনা থেকে দ্রুত ঋণ ছাড়ের দাবি উদ্যোক্তাদের**

বৃহস্পতিবার ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) আয়োজিত 'কোভিড-১৯ মহামারীর কারণে বাংলাদেশের মুদ্রণ ও প্রকাশনা শিল্পের সংকট ও প্রতিকার নির্ধারণ' শীর্ষক এক অনলাইন সেমিনারে (ওয়েবিনার) বক্তারা এসব তথ্য জানান। এতে অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঢাকা চেম্বারের সাবেক সভাপতি এমএ মোমেন। ডিসিসিআই সভাপতি শামস মাহমুদের সঞ্চালনায় এতে আলোচনায় অংশ নেন বাংলাদেশ জ্ঞান ও সৃজনশীল প্রকাশক সমিতির সভাপতি ফরিদ আহমেদ, বাংলাদেশ মুদ্রণ শিল্প সমিতির চেয়ারম্যান শহীদ সেরনিয়াবাত,

■ পৃষ্ঠা ১১ : কলাম ৭

বাংলাদেশ পেপার ইম্পোর্টার্স অ্যাসোসিয়েশনের সভাপতি শফিকুল ইসলাম ভরসা, হাসেম পেপার মিলসের ব্যবস্থাপনা পরিচালক আজমল হোসেন, ঢাকা রিপোর্টার্স ইউনিটির সভাপতি রফিকুল ইসলাম আজাদ, বাংলাদেশ গার্মেন্টস এক্সেসরিজ অ্যান্ড প্যাকেজিং ম্যানুফ্যাকচারার্স অ্যান্ড এক্সপোর্টার্স অ্যাসোসিয়েশনের (বিজিএপিএমইএ) সভাপতি আবদুল কাদের খান, বাংলাদেশ পুস্তক প্রকাশক ও বিক্রেতা সমিতির সহ-সভাপতি শ্যামল পাল, বাংলাদেশ লোকাল কার্টন ম্যানুফ্যাকচারার্স অ্যাসোসিয়েশনের সভাপতি বাশার পাটোয়ারী এবং চট্টগ্রাম কাগজ ও সেলোফোন অ্যাসোসিয়েশনের সেক্রেটারি জেনারেল মোহাম্মদ বেলাল প্রমুখ। এতে বলা হয়, চলতি বছরের জানুয়ারি মাসেই স্থানীয় উদ্যোক্তারা প্রায় ৩৫ কোটি পাঠ্যপুস্তক মুদ্রণ করে সরকারের কাছে হস্তান্তর করেছে, তবে এ খাতের উদ্যোক্তাদের ১০০ কোটি পাঠ্যপুস্তক মুদ্রণের সক্ষমতা রয়েছে।

ডিসিসিআই সভাপতি শামস মাহমুদ বলেন, করোনা মহামারীর কারণে ব্যবসায়িক কর্মকাণ্ড পরিচালনায় অর্থপ্রবাহ নিশ্চিত করাই এখন উদ্যোক্তাদের জন্য বড় চ্যালেঞ্জ। এ মহামারী শুরু হওয়ার পরপরই সরকার তা মোকাবেলায় ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তাদের জন্য ২০ হাজার কোটি টাকার একটি প্রণোদনার প্যাকেজ ঘোষণা করেছে। তবে ঘোষিত এ প্যাকেজ হতে ঋণ সুবিধা পাওয়া উদ্যোক্তাদের সংখ্যা তেমন উল্লেখযোগ্য নয়। বর্তমান অবস্থা উত্তরণে তিনি ব্যাংকগুলোকে সহযোগিতার মনোভাব নিয়ে এগিয়ে আসার আহ্বান জানান। ঢাকা চেম্বারের সাবেক সভাপতি এমএ মোমেন বলেন, ব্যবসা-বাণিজ্যের অন্য খাতগুলোর মধ্যে এ খাতটি খুবই চ্যালেঞ্জিং এবং প্রতিযোগিতাপূর্ণ। এ শিল্পের উদ্যোক্তাদের বাঁচিয়ে রাখতে আর্থিক এবং নীতি সহায়তার জরুরি। বাংলাদেশ জ্ঞান ও সৃজনশীল প্রকাশক সমিতির সভাপতি ফরিদ আহমেদ বলেন, প্রকাশনা ও মুদ্রণ খাতে করোনার কারণে যে ক্ষতি হয়েছে তার মোকাবেলায় দীর্ঘমেয়াদি নীতি সহায়তা দেয়া জরুরি।

বাংলাদেশ মুদ্রণ শিল্প সমিতির চেয়ারম্যান শহীদ সেরনিয়াবাত ক্ষুদ্র ও মাঝারি শিল্পের উদ্যোক্তাদের টিকে থাকার জন্য ঘোষিত প্রণোদনার প্যাকেজ হতে দ্রুত ঋণ ছাড়ের বিষয়টি নিশ্চিত করার ওপর জোর দেন।

বাংলাদেশ পেপার ইম্পোর্টার্স অ্যাসোসিয়েশনের সভাপতি শফিকুল ইসলাম ভরসা বলেন, করোনার কারণে এ খাতের উৎপাদিত পণ্যের বিক্রি ৭০ শতাংশ কমে গেছে।

ঢাকা রিপোর্টার্স ইউনিটির সভাপতি রফিকুল ইসলাম আজাদ জানান, দেশে অনুমোদিত ২৫৪টি সংবাদপত্রের মধ্যে মাত্র ৮৬টি বর্তমানে চালু রয়েছে। মুদ্রণ ও প্রকাশনা শিল্পে শুধু ঢাকাতেই প্রায় ৩ হাজার কোটি টাকার বাজার রয়েছে। বাংলাদেশ গার্মেন্টস এক্সেসরিজ অ্যান্ড প্যাকেজিং ম্যানুফ্যাকচারার্স অ্যান্ড এক্সপোর্টার্স অ্যাসোসিয়েশনের (বিজিএপিএমইএ) সভাপতি আবদুল কাদের খান বলেন, সরকার ঘোষিত প্রণোদনার প্যাকেজ হতে বিজিএমপিএমইএ'র সদস্যদের মধ্যে মাত্র একজন ঋণ সুবিধা পেয়েছেন। ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তাদের মধ্যে ঋণ সহায়তা প্রাপ্তির সংখ্যা একেবারেই নগণ্য।

চট্টগ্রাম কাগজ ও সেলোফোন অ্যাসোসিয়েশনের সেক্রেটারি জেনারেল মোহাম্মদ বেলাল বলেন, সামগ্রিকভাবে এ খাতের উন্নয়নে একটি সহায়ক নীতিমালা এখন সময়ের দাবি।

প্রচার সংখ্যায় সর্বশীর্ষে দৈনিক জনকণ্ঠ
স্বাতন্ত্র্য ও নিরপেক্ষতায় সচেষ্ট The daily janakantha

# প্রণোদনা প্যাকেজ থেকে ঋণ সহায়তা চায় প্রকাশনা শিল্পের উদ্যোক্তারা

**অর্থনৈতিক রিপোর্টার ॥** কোভিড-১৯ মহামারীর কারণে প্রকাশনা শিল্পের উৎপাদিত পণ্যের বিক্রি ৭০ শতাংশ কমে গেছে। এ খাতের বার্ষিক প্রায় ১২ হাজার কোটি টাকার বাজারের মধ্যে প্রায় ৪,০০০ কোটি টাকার বাজার ক্ষতিগ্রস্ত হয়েছে। এ শিল্পের ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তাদের টিকে থাকার জন্য ঘোষিত প্রণোদনার প্যাকেজ হতে ঋণ সহায়তা প্রাপ্তি নিশ্চিত করার আহ্বায় জানিয়েছেন এ খাতের উদ্যোক্তারা।

ডসিসিআই আয়োজিত 'কোভিড-১৯ মহামারীর কারণে বাংলাদেশের মুদ্রণ ও প্রকাশনা শিল্পের সঙ্কট ও প্রতিকার নির্ধারণ' শীর্ষক ওয়েবনার ১৬ জুলাই অনুষ্ঠিত হয়। এতে ঢাকা চেম্বারের প্রাক্তন সভাপতি এম এ মোমেন সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানের স্বাগত বক্তব্যে ডিসিসিআই সভাপতি শামস মাহমুদ বলেন, করোনা মহামারী সঙ্কট মোকাবেলায় ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তাদের জন্য ২০ হাজার কোটি টাকার একটি প্রণোদনার প্যাকেজ ঘোষণা করেছে, তবে ঘোষিত এ প্যাকেজ হতে ঋণ সুবিধা পাওয়া উদ্যোক্তাদের সংখ্যা তেমন উল্লেখযোগ্য নয়। সম্মানিত অতিথির বক্তব্যে ঢাকা চেম্বারের প্রাক্তন সভাপতি এম এ মোমেন বলেন, কোভিড-১৯ মহামারীর কারণে এ খাতের উদ্যোক্তাবৃন্দ মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে, যেখানে বর্তমানে উদ্যোক্তাদের ব্যবসায়িক কর্মকান্ড পরিচালনাই অনেকটা হুমকির মুখে পড়েছে।

দৈনিক ইনকিলাব
THE DAILY INQILAB

করোনাভাইরাস

# মুদ্রণ ও প্রকাশনা শিল্পে ৪ হাজার কোটি টাকার ক্ষতি

অর্থনৈতিক রিপোর্টার

করোনাভাইরাসের (কোভিড-১৯) প্রাদুর্ভাবে দেশের মুদ্রণ ও প্রকাশনা শিল্পে এখন পর্যন্ত প্রায় ৪ হাজার কোটি টাকার ক্ষতিগ্রস্ত হয়েছে। সংকটে পড়া শ্রমঘন এ শিল্প খাতকে টিকিয়ে রাখতে সরকারের দীর্ঘমেয়াদি নীতি ও আর্থিক সহায়তা দিতে হবে। পাশাপাশি ঘোষিত প্রণোদনার প্যাকেজ হতে ঋণ সহায়তা প্রাপ্তির নিশ্চয়তা চান এ খাতের ব্যবসায়ীরা।

গতকাল ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) আয়োজিত 'কোভিড-১৯ মহামারির কারণে বাংলাদেশের মুদ্রণ ও প্রকাশনা শিল্পের সংকট ও প্রতিকার নির্ধারণ' শীর্ষক ওয়েবিনারে এসব কথা বলেন ব্যবসায়ী ও খাত সংশ্লিষ্টরা। ঢাকা চেম্বারের প্রাক্তন সভাপতি এম এ মোমেন অনুষ্ঠানে সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

ডিসিসিআই সভাপতি শামস মাহমুদ বলেন, করোনা মহামারির কারণে ব্যবসায়িক কর্মকাণ্ড পরিচালনায় অর্থ প্রবাহ নিশ্চিত করাই এখন উদ্যোক্তাদের বড় চ্যালেঞ্জ। এ মহামারি শুরু হওয়ার পরপরই সরকার তা মোকাবিলায় ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তাদের জন্য ২০ হাজার কোটি টাকার একটি প্রণোদনা প্যাকেজ ঘোষণা করেছে। তবে ঘোষিত এ প্যাকেজ হতে ঋণ সুবিধা পাওয়া উদ্যোক্তাদের সংখ্যা তেমন উল্লেখযোগ্য নয়। পৃঃ ১১ কঃ ৪

বর্তমান অবস্থা উত্তরণে তিনি ব্যাংকগুলোকে সহযোগিতার মনোভাব নিয়ে এগিয়ে আসার আহ্বান জানান।

দীর্ঘদিন ধরেই দেশের মুদ্রণ ও প্রকাশনা শিল্প বিশেষকরে এসএমই খাতে গুরুত্বপূর্ণ অবদান রেখে আসছে জানিয়ে ঢাকা চেম্বারের সভাপতি বলেন, এ খাতের সার্বিক উন্নয়নে সরকারের নীতি সহায়তা, দক্ষ জনবল তৈরিতে প্রশিক্ষণ প্রদান, শুল্ক কাঠামোর সংস্কার, আধুনিক প্রযুক্তির ব্যবহার বাড়ানো এবং আর্থিক সহায়তা নিশ্চিত করা জরুরি।

ঢাকা চেম্বারের প্রাক্তন সভাপতি এম এ মোমেন বলেন, ব্যবসা-বাণিজ্যের অন্যান্য খাতগুলোর মধ্যে এ খাতটি খুবই চ্যালেঞ্জিং এবং প্রতিযোগিতাপূর্ণ। প্রতিবছর এ খাতে প্রায় ১২ হাজার কোটি টাকার টার্নওভার হয়ে থাকে, তবে করোনার কারণে এ খাতের উদ্যোক্তা মারাত্মক ক্ষতিগ্রস্ত হচ্ছেন, যেখানে বর্তমানে উদ্যোক্তাদের ব্যবসায়িক কর্মকাণ্ড পরিচালনাই অনেকটা হুমকির মুখে পড়েছে।

ডিসিসিআই সভাপতির সঞ্চালনায় অনুষ্ঠিত এ ওয়েবিনারে নির্ধারিত আলোচনায় বাংলাদেশ জ্ঞান ও সৃজনশীল প্রকাশক সমিতির সভাপতি ফরিদ আহমেদ, বাংলাদেশ মুদ্রণ শিল্প সমিতির চেয়ারম্যান শহীদ সেরনিয়াবাত, বাংলাদেশ পেপার ইম্পোর্টার্স অ্যাসোসিয়েশনের সভাপতি মো. শফিকুল ইসলাম ভরসা, হাসেম পেপার মিলস লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক আজমল হোসেন, ঢাকা রিপোর্টার্স ইউনিটির (ডিআরইউ) সভাপতি রফিকুল ইসলাম আজাদ, বাংলাদেশ গার্মেন্টস এক্সেসরিজ অ্যান্ড প্যাকেজিং ম্যানুফ্যাকচারার্স অ্যান্ড এক্সপোর্টার্স অ্যাসোসিয়েশনের (বিজিএপিএমইএ) সভাপতি মো. আব্দুল কাদের খান, বাংলাদেশ পুস্তক প্রকাশক ও বিক্রেতা সমিতির সহ-সভাপতি শ্যামল পাল, বাংলাদেশ লোকাল কার্টন ম্যানুফ্যাকচারার্স অ্যাসোসিয়েশনের সভাপতি মো. বাদল পাটোয়ারী এবং চট্টগ্রাম কাগজ ও স্টেশনারি অ্যাসোসিয়েশনের সেক্রেটারি জেনারেল মোস্তফা খোরশেদ প্রমুখ যোগদান করেন।

সাংবাদিকদের সংগঠন ঢাকা রিপোর্টার্স ইউনিটির (ডিআরইউ) সভাপতি রফিকুল ইসলাম আজাদ জানান, দেশে অনুমোদিত ২৫০টি সংবাদপত্রের মধ্যে মাত্র ৮৫টি বর্তমানে চালু রয়েছে। করোনা মহামারির কারণে ইতোমধ্যে প্রায় ২০০ জন গণমাধ্যমকর্মী তাদের চাকরি হারিয়েছেন। মুদ্রণ ও প্রকাশনা শিল্পের বিকাশের লক্ষ্যে এটিকে একটি শিল্পখাত হিসেবে ঘোষণার আহ্বান জানান তিনি।

মুদ্রণ শিল্প সমিতির চেয়ারম্যান শহীদ সেরনিয়াবাত জানান, চলতি বছরের জানুয়ারিতেই স্থানীয়ভাবে প্রায় ৩৫ কোটি পাঠ্যপুস্তক মুদ্রণ করে সরকারের কাছে হস্তান্তর করা হয়েছে। তবে এ খাতের উদ্যোক্তাদের ১০০ কোটি পাঠ্যপুস্তক মুদ্রণের সক্ষমতা রয়েছে।

পেপার ইম্পোর্টার্স অ্যাসোসিয়েশনের সভাপতি শফিকুল ইসলাম ভরসা বলেন, করোনা মহামারির কারণে এ খাতের উৎপাদিত পণ্যের বিক্রি ৭০ শতাংশ কমে গেছে এবং বর্তমান অবস্থা উত্তরণে প্রণোদনা প্যাকেজের সুষম বণ্টনের প্রস্তাব করেন।

আমাদের অর্থনীতি

# করোনাকালে ব্যবসায়ীক কর্মকাণ্ড পরিচালনার অর্থ প্রবাহ বড় চ্যালেঞ্জ : ডিসিসিআই সভাপতি